

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:13-10-2024

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Bijaya Dasami Agartala:

তিথি যোগ থাকায় আজও বিজয়া দশমী। শারদীয়া দুর্গোৎসবের শেষ দিন। আজ প্রথা অনুযায়ী প্রতিমা নিরঞ্জন পর্ব। শারদীয়া দুর্গোৎসবের জন্য আরও একটি বছরের অপেক্ষা। নবমী তিথি শেষ হওয়ার পর গতকাল থেকেই শুরু হয় বিজয়া দশমী ও প্রতিমা বিসর্জন। আগরতলার সুপ্রচীন দুর্গাপূজা দুর্গাবাড়ির প্রতিমা ও প্রভূবাড়ির প্রতিমা গতকালই চিরাচরিত প্রথা অনুযায়ী দশমীঘাটে নিরঞ্জন করা হয়।

এদিকে গতকাল মহানবমীতে আগরতলার পূজা মন্ডপগুলোতে দর্শনার্থীদের ঢল নামে। জনজোয়ার দেখা গেছে শহরের প্রায় প্রতিটি রাজপথে। প্রায় সারা রাত ধরে লোক সমাগম ছিল। লোকজন পূজোর আনন্দে মেতে উঠেছেন। বিজয়া দশমী থাকায় শুভেচ্ছা বিনিময়ও হয়।

Dausera Ramlila:

দশেরা উৎসব উপলক্ষে আগরতলার অরুন্ধতী নগরে ওএনজিসি-র স্কুল ময়দানে ওএনজিসি কর্মীবৃন্দের উদ্যোগে রামলীলা ও রাবন দহনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা, পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, ওএনজিসি ত্রিপুরা এসেটের এসেট ম্যানেজার কৃষ্ণ কুমার, উৎসব কমিটির সম্পাদক রাকেশ কুমার প্রমুখ। প্রধান অতিথি তথা মুখ্যসচিব জে কে সিনহা বলেন, বিজয়া দশমী বা দশের হল অশুভের বিরুদ্ধে শুভর

জয়। অন্ধকারের বিরুদ্ধে আলোর জয়। রাবন বিদ্যান ও সাধক ছিলেন। কিন্তু তার অহংকার তাকে ধংস করেছে। আমাদের সত্য ও ন্যায়ের পথে চলার পথ দেখায় রামলীলা। ত্রিপুরার ঐতিহ্য মন্ডিত সাংস্কৃতিক কর্মকাণ্ডের উল্লেখ করেন মুখ্যসচিব। অনুষ্ঠানে ওএনজিসির পরিবারের ছোট ছোট শিল্পীরা রামলীলা মঞ্চস্থ করে। রামলীলা ও দশেরা উৎসব দেখতে প্রচুর লোক সমাগম হয়। এখানে বিশাল আকৃতির রাবনের মূর্তি পোড়ানো হয়। এক উৎসব মুখর পরিবেশ সৃষ্টি হয় স্কুল মাঠে।

Durga Puja & Dashera:

সারা দেশ জুড়ে গতকাল উদযাপিত হয়েছে দশের- রাবন বধ ও রাবন দহন। এদিন সকাল থেকেই মন্দিরে ও মন্ডপে মন্ডপে চলে মহা-নবমীর তিথি পূজো ও পুষ্পাঞ্জলি অর্পণ।

গতকাল নবমী তিথি শেষ হয়ে যাবার পরই বিভিন্ন মন্দির ও বারোয়ারি মণ্ডপে বিজয়াদশমী পূজো শুরু হয়ে যায় এবং দেবী মা কে বিদায় জানানোর পর্বও শুরু হয়ে যায়। তবে, তিথির বাইরে, সাধারণ লোকাচার অনুযায়ী গতকাল নবমী পূজোর ধারণা নিয়েই হাজার হাজার দর্শনার্থী পূজো দেখতে মণ্ডপে মণ্ডপে ভিড় করেছেন। সন্ধ্যায় পর আলোর রোশনাইয়ে স্নাত রাজধানী আগরতলা সহ রাজ্যের প্রায় সর্বত্র পূজো মন্ডপগুলিতে দর্শনার্থীদের ঢল নামে।

অনেক মণ্ডপে, দশমী পূজো হয়ে গেলে, মহিলাদের দেখা গেছে দেবী দুর্গাকে বরন করে সিঁদুর খেলায় মেতে উঠতে। বারোয়ারি পূজোর একাধিক কর্মকর্তা জানান, শাস্ত্র মতে দশমী পূজো হয়ে গেলেও, ব্যবহারিকভাবে বিজয়া দশমী, দেবী বরণ ও সিঁদুর খেলা, প্রতিমা নিরঞ্জন আজই সর্বাধিক দেখা যাবে। যদিও, অনেক স্থানে, বিশেষত পারিবারিক পূজোর প্রতিমা নিরঞ্জন গতকালই শুরু হয়ে গেছে।

এদিকে আগরতলায় প্রভু বাড়ি ও দুর্গা বাড়ি প্রতিমা শহরে বর্ণাঢ্য শোভাযাত্রা করে প্রতিমা নিরঞ্জন পর্ব সম্পন্ন হয়েছে।

Mayer Gaman :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল তুলসীবতী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মায়ের গমন ২০২৪ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। তথ্য সংস্কৃতি দপ্তর জানিয়েছে, বিকেল ৫ টায় শুরু হবে অনুষ্ঠান। উপস্থিত থাকবেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা সহ মন্ত্রিসভার আরও কয়েকজন সদস্য সহ অন্যান্যরা।

Bijoya Dashami :

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিজয়া দশমী উপলক্ষে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি এক শুভেচ্ছা বার্তায় বলেন, বিজয় দশমী, এটি অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের বিজয়ের উৎসব। এই উৎসব সত্য ও নৈতিকতার মূল্যবোধে আমাদের বিশ্বাসের প্রতীক।

প্রধানমন্ত্রী শুভেচ্ছা বার্তায় মা দুর্গা এবং প্রভু শ্রীরামের আশীর্বাদে সবার জীবনের প্রতিটি ক্ষেত্রে বিজয় কামনা করেন।

Puja at NORTH District:

দুর্গাপূজা ঘিরে উত্তর জেলায় যথেষ্ট উৎসাহ -উদ্দীপনা পরিলক্ষিত হয়। উত্তর জেলাতে এবছর সার্বজনীন পূজার সংখ্যা ২৭৭টি। যা গতবারের তুলনায় তুলোনায় ৭২ টি বেশি। বিগ বাজেটের পূজাগুলিতে থিম পূজা এবং প্রতিমা গঠনে রয়েছে বৈচিত্র্যতার ছোঁয়া। রয়েছে সুস্থ রুচিবোধের ছাপ। কদমতলা ধর্মনগর এবং পানিসাগরে গতকাল বিকেল ৫টা থেকে যান চলাচলে কিছুটা বাধা নিষেধ আরোপ করা হয়েছিল। নবমী তিথি শেষ হয়ে দশমী

তিথিতে বেশ কিছু বাড়িঘরের প্রতিমা নিরঞ্জন হয়ে গেছে গতকাল। তবে বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থার প্রতিমা আজ নিরঞ্জন করা হবে বলে জানা গেছে। গোটা জেলায় পুজোকে কেন্দ্র করে কোন ধরনের অপ্রীতিকর ঘটনার খবর নেই।

PM Internship scheme :

প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ প্রকল্প ২০২৪-এর জন্য নিবন্ধন প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। এই বছরের বাজেটের আগে ঘোষিত, এই প্রকল্পটি ১২ মাসের, যাতে তরুণদের বাস্তব-জীবনের ব্যবসায়িক পরিবেশে অভিজ্ঞতা অর্জনে সহায়তা করা হবে। প্রধানমন্ত্রীর ইন্টার্নশিপ প্রকল্পের লক্ষ্য ভারতের শীর্ষ ৫০০টি কোম্পানিতে আগামী পাঁচ বছরে ২১ থেকে ২৪ বছর বয়সী দেশের এক কোটি যুবককে কাজের অভিজ্ঞতা প্রদান করা। পোর্টালে এ পর্যন্ত ১৯৩টি কোম্পানি প্রায় ৯১ হাজার ইন্টার্নশিপের সুযোগ দিয়েছে। এটি অনলাইন পোর্টাল pminternship.mca.gov.in এর মাধ্যমে বাস্তবায়িত হবে। একজন ইন্টার্ন ১২ মাসের জন্য মাসিক পাঁচ হাজার টাকা এবং ছয় হাজার টাকা এককালীন অনুদান পাবেন। আগ্রহীরা আজ থেকে এই মাসের ২৫ তারিখ পর্যন্ত পোর্টালের মাধ্যমে ইন্টার্নশিপের জন্য আবেদন করতে পারবেন।

RSS :

আরএসএস প্রধান ডাঃ মোহন ভাগবত মহিলাদের বিরুদ্ধে নৃশংসতার জন্য দুঃখ প্রকাশ করে বলেছেন যে কলকাতার আরজি কর হাসপাতালে লজ্জাজনক এবং অসম্মানজনক ঘটনা অপরাধ এবং রাজনীতির মধ্যে জড়িয়ে থাকার ফলাফল। শ্রী ভাগবত গতকাল নাগপুরে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ৯৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বিজয়াদশমীর মূল অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। তিনি

শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক মূল্যবোধ প্রসারের প্রয়োজনীয়তার
ওপর জোর দেন।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্র
বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের
কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা
পরিলক্ষিত হয়েছে ২৫.৩ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায়
রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা
বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।
